দৈনিক ইত্তেফাক

তারিখ 26 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 2

71

# ডাকসু নির্বাচনে ১২টি প্যানেল ॥ ২৫০ প্রার্থী

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (বুধবার) ডাকসু নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিনে ১২টি ছাত্র সংগঠন এবং তাহাদের জোট পৃথকভাবে মনোনয়নপত্র দাখিল করিয়াছে। প্রায় পক্ষকাল ধরিয়া ১০টি বৈঠকের পরও পদ বন্টনের জটিলতায় ছাত্র সংগ্রাম পরিষদ বিভক্ত হইয়া ৪টি প্যানেল দাখিল করে। ছাত্রদল (খালেদা), ছাত্র শিবির, জাসদ (রব) সমর্থিত ছাত্রলীগ, গণতান্ত্রিক ছাত্রলীগ (অলি আহাদ) ও জাগপা সমর্থিত ছাত্রলীগ (যৌথভাবে), ছাত্রদল (ওবায়েদ), ছাত্র বিপ্লবী মঞ্চ ও জাতীয় ছাত্র ইউনিয়ন (যৌথভাবে), ছাত্র ফেডারেশন, ইসলামী ছাত্র আন্দোলন পৃথকভাবে মনোনয়নপত্র দাখিল করিয়াছে।

## ২৭শে ফেব্রুয়ারী জাকসু নির্বাচন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাভার) সংবাদদাতা জানান, ভাইস চ্যান্সেলর প্রফেসর কাজী সালেহ

( শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ )

ছাত্র সংগ্রাম পরিষদের ১৩টি ছাত্র সংগঠনের মধ্যে ছাত্রলীগ (সু-র), ছাত্রলীগ (মু-না), ছাত্র

( শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## ডাকসু

( ১ম পৃঃ পর )

ইউনিয়ন, জাতীয় ছাত্রলীগ, ছাত্র মৈত্রী ও ছাত্র ঐক্য সমিতি এই ৬টি ছাত্র সংগঠন যৌথভাবে প্যানেল দিয়াছে। ছাত্র লীগ (সু-র) সভাপতি সুলতান মোহাম্মদ মনসুর আহমেদ ভি, পি ও ছাত্র লীগ (মু-না) সভাপতি মোশতাক হোসেন জি,এস হিসাবে এই প্যানেলে মনোনয়ন পাইয়াছেন। ছাত্র ইউনিয়নের নাসিরুদ্দোজা এই প্যানেলকে ছাত্রলীগ (সু-র) ভিপিসহ ৩টি পদ, ছাত্রলীগ (মু-না) জি, এস সহ ৩টি পদ, ছাত্র ইউনিয়ন এ, জি, এস সহ ৫টি পদ, জাতীয় ছাত্রলীগ ৩টি পদ, ছাত্র মৈত্রী ৩টি পদ ও ছাত্র ঐক্য সমিতি ২টি পদে মনোনয়ন পাইয়াছে।

পরিষদের বাসদ (খালেকুজ্জামান) সমর্থিত ছাত্র সংগঠন সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট সংগঠনের সভাপতি মোস্তফা ফিরোজ ও সাধারণ সম্পাদক বজলুর রশিদ ফিরোজকে ভি, পি ও জি এস হিসাবে মনোনয়ন দিয়া পৃথক প্যানেল দাখিল করে। বাসদ (মাহবুবুল হক) সমর্থিত ছাত্র সংগঠন ছাত্রলীগ (আ-মো) ও জাতীয় ছাত্র ইউনিয়ন এবং ছাত্র ঐক্য ফোরামের একাংশ যৌথভাবে আবেদ রাজা (জাতীয় ছাত্র ইউনিয়ন) ও মাসুদ রানাকে (ছাত্রলীগ) ভি,পি ও জি এস হিসাবে মনোনয়ন দিয়া পৃথক প্যানেল দাখিল করে। পরিষদের ওয়ার্কার্স পার্টি সমর্থিত ছাত্র সংগঠন গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন সংগঠনের সভাপতি আকতার সোবহান মাসরুর ও সাধারণ সম্পাদক জসীম উদ্দিনকে ভি, পি এবং জি, এস হিসাবে মনোনয়ন দিয়া পৃথক প্যানেল দাখিল করে।

ছাত্রদল সংগঠনের সাবেক সভাপতি শামসুজ্জামান দুদুকে ভি, পি ও বর্তমান সভাপতি আসাদুজ্জামান রিপনকে জি এস মনোনয়ন দিয়া প্যানেল দাখিল করে। ছাত্র শিবিরের একাংশ সংগঠনের সভাপতি মুঃ আমিনুল ইসলামকে ভি, পি ও সাধারণ সম্পাদক শামসুল ইসলামকে জি, এস মনোনয়ন দিয়া প্যানেল দাখিল করে। ছাত্রদল (ওবায়েদ) সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি কামালউদ্দিন ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আবুল বাশার লসকরকে ভি,পি, ও জি,এস মনোনয়ন দিয়া প্যানেল দাখিল করে। গতকাল সকাল হইতেই মনোনয়ন পত্র দাখিলের তোড়জোড়ের পাশাপাশি সংগ্রাম পরিষদ এককভাবে প্যানেল দেওয়ার চেষ্টা অব্যাহত রাখে। বেলা বারোটা পর্যন্ত পদ বন্টনের ব্যাপারে একে অন্যের সহিত মত বিনিময় হয়। পরিষদের ৩টি ছাত্র সংগঠনকে এব্যাপারে তৎপর দেখা যায়। বেলা একটা নাগাদ অপর ৩টি ছাত্র সংগঠন তাহাদের সহিত মতৈক্যে পৌঁছিলে ১ ঘন্টার মধ্যে তড়িঘড়ি করিয়া মনোনয়ন দাখিল করা হয়। ডাকসুতে ভাগ বন্টনের জটিলতায় পরিষদের ৬ দলীয় এই ছাত্রজোট হলগুলিতে একক প্যানেল দিতে পারে নাই। সংগঠনগতভাবে মনোনয়নপত্র দাখিল করা হইয়াছে। ২৯শে ফেব্রুয়ারী মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিনের মধ্যে একক প্যানেল চূড়ান্ত করা হইবে বলিয়া আশাবাদ ব্যক্ত করা হইয়াছে। পরিষদের অপর ৩টি গ্রুপ ডাকসুতে মনোনয়ন দিলেও সব হলে মনোনয়ন দিতে পারে নাই। ছাত্রদল সব হলেই পূর্ণ প্যানেলে মনোনয়নপত্র দাখিল করিয়াছে। ছাত্রশিবির ১০টি হলে পূর্ণ প্যানেলে মনোনয়ন পত্র দাখিল করিয়াছে। প্রতিদ্বন্দ্বী অপর জোট বা সংগঠনের অনেকে সব হলে পূর্ণ প্যানেলে প্রার্থী মনোনয়ন দিতে পারে নাই।

গত ৩ দিনে ছাত্র সংগ্রাম পরিষদের দলীয় ছাত্র সংগঠনসমূহ সাবেক ভি,পি, আখতারুজ্জামানের নেতৃত্বে একটি পৃথক প্যানেলের চেষ্টা করার কারণে গতকাল মনোনয়নপত্র দাখিলের শেষ সময় পর্যন্ত কয়েকটি সংগঠন সিদ্ধান্তহীনতায় ভোগে। আখতারুজ্জামানের সমর্থিত ছাত্রলীগ শেষ পর্যন্ত তড়িঘড়ি করিয়া একটি প্যানেল দাখিল করে। উল্লেখ্য, গত মঙ্গলবার গভীর রাত পর্যন্ত একটি রাজনৈতিক দলের অফিসে আখতারুজ্জামানের নেতৃত্বে পৃথক প্যানেল গঠনের আলোচনা চলিয়াছে। এই আলোচনায় পরিষদের ৬ দলীয় ছাত্র সংগঠনের কয়েকজন ছাত্রনেতাও উপস্থিত ছিলেন। ডাকসুতে ১১টি সম্পাদকীয় পদ ও ৯টি সদস্যপদসহ ২০টি পদ রহি য়াছে। প্রতি হলে ১২টি পদে প্রতিদ্বন্দ্বিতা হইবে। ডাকসুর ২০টি পদে প্রায় আড়াইশত জন মনোনয়নপত্র দাখিল করিয়াছেন বলিয়া জানা যায়। এদিকে গতকাল মনোনয়নপত্র দাখিলের পর পরই ক্যাম্পাসে 'সুলতান-মোশতাক' এবং 'দুদু-রিপন' পরিষদের পৃথক মিছিল অনুষ্ঠিত হয়। আইন-শৃঙ্খলা রক্ষার জন্য কর্তৃপক্ষ ক্যাম্পাসের বিভিন্ন এলাকায় পুলিশ মোতায়েন করে। কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। তবে এস, এম, হলে বি,এন,পি ওবায়েদ সমর্থিত ছাত্রদল মনোনয়নপত্র দাখিল করিতে আসিলে একদল ছাত্র তাহাদের বাধা প্রদান করে। ফলে ক্ষণিকের জন্য হল এলাকায় সন্ত্রাস ছড়াইয়া পড়ে।